বিসমিল্লাহির রাহমানির রাহিম

প্রিয় ভাই যেভাবে আপনি বিজয়ে লেখা কোন কিছুকে ইউনিকোডে রূপান্তরিত করবেন। এটার জন্য আপনি নিচের লিঙ্কে প্রবেশ করুন।

https://www.banglaconverter.net/tools.php?f=Bijoy-To-Unicode

এই লিঙ্কে প্রবেশ করার পরে দেখবেন ২টা বক্স এসেছে। বক্সগুলো নিম্নরূপঃ

প্রথম বক্স যেখানে আপনার বিজয়ে লেখা কোন বিষয় এখানে পেস্ট করতে হবেঃ

দ্বিতীয় যে বক্সে আপনার লেখাটি ইউনিকোডে দেখাবে সেটা হল উপরের এই বক্সের নিচে থাকবে। এবং বক্সটি হল নিচের মতঃ

এখন আপনাকে যেটা করতে হবে তা হলঃঃ

১। আপনি আপনার ডকুমেন্ট ফাইলে যেখানে বিজয়ে লিখেছেন সেখানকার লেখা কপি করে প্রথম বক্সে পেস্ট করবেন। তখন লেখাগুলো নিচের মত দেখাবে।

এবার চিত্রে বক্সের নিচের ‘converto to Unicode’ (দেখেন টিক চিহ্ন দেওয়া আছে) এই বাটনে ক্লিক করুন।

২। তাহলে দেখবেন ইউনিকোড লেখা যে বক্সে দেখানোর কথা সেখানে আপনার বিজয়ের লেখাগুলো ইউনিকোডে দেখাবে এবং নিচের মত লেখা আসবে। উপরে যেমন বিজয়ের লেখাগুলো কিছুই বোঝা যাচ্ছে না। কিন্তু ইউনিকোডে সবকিছু সহজে বুঝতে পারবেন ইনশা আল্লাহ।

ইউনিকোড ভাঙ্গা শব্দ ঠিক করতে ক্লিক করুন

উত্তর : ১ - আপনার চাকরি জায়েয এবং এর উপার্জনও বৈধ। কেননা আপনার কাজের মাধ্যমে বীমা কোম্পানীর যে সাহায্য হয় তা দূরবর্তী সাহায্য।
ইমাম বুখারী ও মুসলিম আয়েশা রাযিআল্লাহু আনহা থেকে বর্ণণা করেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, একটি দল কা'বা শরীফে (অবস্থানরত বাহিনির বিরুদ্ধে) যুদ্ধ করার জন্য রওয়ানা দিবে। যখন তারা (মেদীনার) বাইদা নামক স্থানে পৌঁছবে তখন তাদের সকলকে জমিনে ধসিয়ে দেওয়া হবে। আয়েশা রাযিআল্লাহু আনহা বললেন, কিভাবে তাদের সকলকে ধ্বসিয়ে দেয়া হবে, অথচ তাদের মাঝে তো পণ্য বিক্রেতা ও তাদের অন্তর্ভুক্ত নয় এমন লোকও থাকবে (যাদের উদ্দেশ্য যুদ্ধ নয়)? রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তাদের সকলকেই ধ্বসিয়ে দেয়া হবে, কিন্তু তাদের বিচার হবে তাদের নিয়্যাত অনুযায়ী

৩। এবার আপনি ইউনিকোডের বক্সে যে লেখাগুলো এসেছে সেটা কপি করে ফোরামে আপনি যে পোস্ট করতে চান সেখানে পেস্ট করে দিলে আশা করি আপনার লেখা ঠিকমত বোঝা যাবে।

আল্লাহ আপনার কাজকে সহজ করে দিন। আমিন।।

অয়াখির দাওয়ানা আনিল হামদুলিল্লাহি রাব্বিল আলামিন।।